



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।



“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

স্মারক নং: ৩২.০১.০০০০.০০৩.০১.০৪৯.২১- ২১৯৭

তারিখ: ০২/০৩/২০২২খ্রি.

বিষয়ঃ কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় জানুয়ারি/২০২২ মাসের নাস্তা বিতরণে অনিয়ম তদন্ত প্রসঙ্গে।


সূত্র: উপপরিচালকের কার্যালয়, কুষ্টিয়া এর স্মারক নং-৩২.০১.৫০০০.০০০.১৪.০০২.১৯.১৯ তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার গ্রাণপু, হোগলবাড়ীয়া, দৌলতপুর, আদাবাড়ীয়া (০৪) টি ইউনিয়নে জানুয়ারি/২০২২ মাসের ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের ক্লাব সদস্যদেরকে নাস্তা বিতরণ করা হয়নি মর্মে জানা যায়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব মর্জিনা বেগম নাস্তা প্রদান করেননি মর্মে জেলার প্রমোটার আলী আসাদুজ্জামান লিটু, মোঃ রাজন মিয়া ও রাজু আহমেদ লিখিত অভিযোগ ফিল্ড সুপারভাইজার মোঃ সুরুজ আলী নিকট দাখিল করেন (কপি সংযুক্ত)। দাখিলকৃত অভিযোগগুলো ফিল্ড সুপারভাইজার উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুষ্টিয়া বরাবর প্রেরণ করেন। উপ-পরিচালক কুষ্টিয়া তা অগ্রগায়ন করে প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করেছেন। “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের জন্য কিশোর-কিশোরীদের নাস্তা বিতরণ অত্যাৱশ্যক। নাস্তা বিতরণ না হলে কিশোর-কিশোরী তথা শিক্ষার্থীরা আগ্রহ হারাৱে। তাই প্রকল্প বেগবান ও গতিশীল করার জন্য নাস্তা প্রদান আবশ্যক।

এমতাবস্থায় বিবেচ্যপত্রের অভিযোগের বিষয় উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর কুষ্টিয়া বা উপজেলা প্রশাসনের একজন উপযুক্ত কর্মকর্তা দ্বারা সুষ্ঠুভাবে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে লিখিত অভিযোগের ০৫ ফর্দ।

উপজেলা নির্বাহী অফিসার  
দৌলতপুর, কুষ্টিয়া।

  
(জয়ন্ত কুমার সিকদার)  
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে;

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (কুষ্টিয়া)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী মহিলা বিষয়ক অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।